



বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে রূপপুর নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট বাস্তবায়নের লক্ষ্যে পরামর্শমূলক সেমিনার অনুষ্ঠিত

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের প্রাক্তন সদস্য জনাব প্রকৌ: কাজী ওবায়দুল আউয়াল গত ২৩/১২/২০১৯ ইং তারিখে রূপপুর নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট বাস্তবায়নের লক্ষ্যে পরামর্শমূলক একটি সেমিনার প্রদান করেন। সেমিনারে তিনি তাঁর কর্মময় জীবনের অভিজ্ঞতার আলোকে রূপপুর নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট বাস্তবায়নের লক্ষ্যে করণীয় বিষয়সমূহের উপর আলোকপাত করে কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীদের উদ্দেশ্যে পরামর্শমূলক বক্তব্য রাখেন। সেমিনারের শেষভাগে উপস্থিত বিজ্ঞানী ও প্রকৌশলীগণের উপস্থাপিত বিভিন্ন প্রশ্নের উত্তরের সাথে প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হয় এবং পরবর্তীতে উন্মুক্ত আলোচনা ও মতবিনিময় শেষে সেমিনারের পরিসমাপ্তি ঘোষণা করা হয়।



চিত্রঃ বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে রূপপুর নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট বাস্তবায়নের লক্ষ্যে
পরামর্শমূলক সেমিনার

Raemin